রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২, ২০২৬

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

অর্থ মন্ত্রণালয়

অভ্যন্তরীণ সম্পদ বিভাগ

স্ট্যাম্প শাখা

প্রজ্ঞাপন

তারিখ: ১৩ কার্তিক, ১৪৩৩ বঙ্গাব্দ/২৯ অক্টোবর, ২০২৬ খ্রিষ্টাব্দ

এস. আর. ও. নং ৩৮৬-আইন/২০২৬।—সরকার, The Stamp Act, 1899 (Act No. II of 1899) এর Section 11A এবং The Stamp Duties (Additional Modes of Payment) Act, 1974 (Act No. LXXI of 1974) এর Section 2 (1) এ প্রদত্ত ক্ষমতাবলে নিম্নরূপ বিধান করিল, যথা :—

১। **এ-চালানের মাধ্যমে নন-জুডিশিয়াল স্ট্যাম্প শুল্ক পরিশোধ:** The Stamp Act, 1899 (Act No. II of 1899), The Stamp Duties (Additional Modes of Payment) Act, 1974 (Act No. LXXI of 1974), স্ট্যাম্প শুল্ক পরিশোধ (অতিরিক্ত পদ্ধতি) বিধিমালা, ২০০১, বীমা পলিসির উপর প্রদেয় স্ট্যাম্প শুল্ক পরিশোধ বিধিমালা, ২০০২ এবং কোম্পানি নিবন্ধন ও শেয়ার হস্তান্তর এর উপর প্রদেয় স্ট্যাম্প শুল্ক (অতিরিক্ত পরিশোধ পদ্ধতি) বিধিমালা, ২০১০ সহ অন্য কোনো আইন বা বিধি অনুযায়ী সকল প্রকার নন-জুডিশিয়াল স্ট্যাম্প শুল্ক, উহা যে পরিমাণের হউক না কেন, দফা ২ এ উল্লিখিত শর্তাবলি পরিপালন সাপেক্ষে, ১ জুলাই ২০২৭ তারিখ হইতে Automated Challan System ("এ-চালান": www.achallan.gov.bd)-এর মাধ্যমে পরিশোধ করিতে হইবে:

তবে শর্ত থাকে যে, ৩০ জুন ২০২৭ তারিখ পর্যন্ত **"এ-চালান"** এর পাশাপাশি বর্তমানে প্রচলিত পদ্ধতিতেও স্ট্যাম্প শুল্ক পরিশোধ করা যাইবে।

মূল্য : টাকা ৪.০০

২। **শর্তাবলি:**

(ক) **"এ-চালান"**-এর মাধ্যমে সমুদয় স্ট্যাম্প শুল্ক পরিশোধ করিবার ক্ষেত্রে নিবন্ধনযোগ্য দলিল লিখনের জন্য কার্টিজ পেপার ব্যবহার করিতে হইবে এবং নিবন্ধনের উদ্দেশ্যে সাব-রেজিস্ট্রারের নিকট উপস্থাপনের সময় দলিলের সহিত স্ট্যাম্প শুল্ক পরিশোধের প্রমাণক হিসাবে **"এ-চালান"**-এর রশিদের মুদ্রিত কপি সংযুক্ত করিতে হইবে এবং দলিলের প্রথম পাতায় স্ট্যাম্প শুল্ক পরিশোধ সংক্রান্ত **"এ-চালান"**-এর নম্বর উল্লেখ করিতে হইবে;

(খ) বিমা পলিসির উপর প্রদেয় স্ট্যাম্প শুল্ক **"এ-চালান"**-এর মাধ্যমে পরিশোধ করিবার ক্ষেত্রে স্ট্যাম্প শুল্ক পরিশোধের প্রমাণক হিসাবে বিমা পলিসির সহিত **"এ-চালান"**-এর রশিদের মুদ্রিত কপি সংযুক্ত করিতে হইবে এবং **"এ-চালান"**-এর রশিদে সংশ্লিষ্ট বিমা পলিসির শনাক্তকরণ নম্বর এবং বিমা পলিসির প্রথম পাতায় স্ট্যাম্প শুল্ক সংক্রান্ত **"এ-চালান"**-এর নম্বর উল্লেখ করিতে হইবে: এবং

(গ) একযোগে একাধিক (bulk) ব্যক্তি বা প্রতিষ্ঠানের পক্ষ হইতে **"এ-চালান"**-এর মাধ্যমে স্ট্যাম্প শুল্ক পরিশোধের ক্ষেত্রে যাহাদের পক্ষে পরিশোধ করা হইতেছে, তাহাদের প্রত্যেকের নাম ও শনাক্তকরণ নম্বর (প্রযোজ্য ক্ষেত্রে TIN/NID/BIN/ট্রেড লাইসেন্স নম্বর ইত্যাদি) আবশ্যিকভাবে উল্লেখ করিতে হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

আহসান হাবিব
ভারপ্রাপ্ত সচিব।

মোহাম্মদ আবু ইউসুফ, পরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd